

নং- ২৬.০০.০০০০.১০২.১৫.০০১.১৫-৪১০

তারিখঃ ২৯ ডিসেম্বর ২০১৫

বিষয়ঃ দক্ষিণ কোরিয়ার সিউলস্থ বাংলাদেশ দূতাবাসের বাণিজ্যিক উইং এ কমার্শিয়াল কাউন্সেলর পদে কর্মকর্তা নিয়োগ।

দক্ষিণ কোরিয়ার সিউলস্থ বাংলাদেশ দূতাবাসের বাণিজ্যিক উইং এ কমার্শিয়াল কাউন্সেলর এর ১টি পদে কর্মকর্তা নিয়োগের জন্য সংযুক্ত “জীবন বৃত্তান্ত ছক”-এ যোগ্য/আগ্রহী কর্মকর্তাদের নিকট থেকে স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিয়োক্ত বিবরণ ও শর্তাধীনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

| পদের নাম ও বাণিজ্যিক উইং  | পদ সংখ্যা | আবেদনকারীর যোগ্যতা                                | কাজের বিবরণ  |
|---|-----------|---|--|
| ০১। কমার্শিয়াল কাউন্সেলর<br>বাংলাদেশ দূতাবাস<br>সিউল, দক্ষিণ কোরিয়া | ১ (এক) টি | বাংলাদেশ সরকারের<br>উপসচিব বা সমপদের<br>কর্মকর্তা | রপ্তানির লক্ষ্যমাত্রা অর্জনের পদক্ষেপ গ্রহণ,<br>রপ্তানি আয় বৃদ্ধির/ সুযোগ-সম্ভাবনা<br>অন্বেষণে কার্যক্রম গ্রহণ, সুবিধাজনক শর্তে<br>আমদানি পণ্য সংগ্রহে সহায়তা, আমদানি<br>বিকল্প সম্পর্কীয় তথ্য সংগ্রহ, বিদেশি<br>বিনিয়োগ সংগ্রহ, কারিগরী সহায়তা<br>আনয়নের প্রচেষ্টা গ্রহণ, টাঙ্কফোর্সের<br>সভানুষ্ঠানসহ স্থানীয়/ পার্শ্ববর্তী দেশে<br>অবস্থানকারী প্রবাসীদের ব্যবসায়িক<br>সহযোগিতা প্রদান ইত্যাদি। |

**শর্তাবলিঃ**

১। সকল মন্ত্রণালয়/বিভাগ ও তাঁর অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সর্বশেষ আগামী ৩১ জানুয়ারি ২০১৬ তারিখের মধ্যে “জীবন বৃত্তান্ত ছক” পূরণপূর্বক সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়কে সম্বোধন করে শিক্ষাগত যোগ্যতার (এসএসসি/এইচএসসি/ডিগ্রী/অনার্স/মাস্টার্স) সার্টিফিকেটসমূহের সত্যায়িত ছায়াছবি ও পাসপোর্ট সাইজের ২(দুই) কপি সত্যায়িত ছবি সহকারে আবেদন করতে পারবেন। লিখিত আবেদনপত্র ব্যক্তিগতভাবে/ডাকযোগে নির্ধারিত তারিখের মধ্যে উপসচিব (রপ্তানি-৩) অধিশাখা, বিল্ডিং নং-৩, রুম নং-১২৬)-এর নিকট পৌছাতে হবে। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর এবং সংশ্লিষ্ট যথাযথ কর্তৃপক্ষের অগ্রায়ণ ব্যতিরেকে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। ভুল বা অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২। যে সকল কর্মকর্তার সরকারি চাকরির অবশিষ্ট মেয়াদ এ আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ৪(চার) বছরের কম রয়েছে তাঁরা আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

৩। যে সকল কর্মকর্তা ইতোপূর্বে প্রেষণে বা সরকারি পদে বিদেশে চাকরি করেছেন, চাকরি শেষে দেশে প্রত্যাবর্তনের ৩ (তিন) বছরের মধ্যে তাঁরা আবেদন করতে পারবেন না। বিদেশে বাংলাদেশ হাইকমিশন/দূতাবাসের সমমর্যাদার পদে ঋীরা ইত:পূর্বে চাকরি করেছেন তাঁরাও আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

৪। ১লা জানুয়ারি ১৯৯২ তারিখের পর যদি কোন সরকারি কর্মকর্তা বা কর্মচারীর কোন সন্তান জন্মগ্রহণ করে এবং এর ফলে তার সন্তান সংখ্যা দুই এর অধিক হয়, সেক্ষেত্রে তিনি আবেদনের যোগ্য বিবেচিত হবেন না।

৫। বেসরকারি বিশ্ববিদ্যালয় অথবা বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষা সংক্রান্ত ডিগ্রীর সনদপত্রের সাথে উক্ত ডিগ্রীর সমতা সংক্রান্ত যথাযথ মন্ত্রণালয়ের/ইউজিসি এর প্রত্যয়ন আবেদনের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

(মোহাম্মদ জাফরুল ইসলাম আজিজি)

উপসচিব

ফোন-৯৫৪৯৩৪৮

**বিতরণ: (জ্যেষ্ঠতা ক্রমে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

চলমান পাতা-২

- ৩। সিনিয়র সচিব/সচিব, ..... মন্ত্রণালয়/বিভাগ,  
..... ঢাকা (তার আওতাধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণের  
অনুরোধসহ)।
- ৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ সিলেট/ বরিশাল/রংপুর (তার আওতাধীন সংশ্লিষ্ট সকলকে  
অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সকল), যুগ্ম-সচিব (সকল), সকল অধিশাখা/শাখা এবং অধীনস্থ সকল  
অধিদপ্তর / পরিদপ্তর, ঢাকা।
- ৬। মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জনাব মো: আওলাদ হোসেন, সহকারী পরিচালক, ডব্লিউটিও সেল, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (তাকে বাণিজ্য  
মন্ত্রণালয়ের ওয়েবসাইটে জীবনবৃত্তান্ত ছকসহ বিজ্ঞপ্তি প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (তাকে বিজ্ঞপ্তি জীবনবৃত্তান্ত ছকসহ জনপ্রশাসন  
মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

## জীবন-বৃত্তান্ত ছক

- ১। নাম ও পরিচিতি নং (যদি থাকে):
- ২। বর্তমান আবাসিক ঠিকানা:
- ৩। স্থায়ী ঠিকানাঃ
- ৪। জন্ম তারিখঃ
- ৫। পদবি এবং বর্তমান কর্মস্থলঃ
- ৬। বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখঃ
- ৭। বর্তমান বেতন স্কেলঃ
- ৮। প্রথম শ্রেণীর চাকরিতে যোগদানের তারিখঃ
- ৯। ক্যাডারের নামসহ ক্যাডারে যোগদানের তারিখ এবং ক্যাডারের চাকরিকালের সঠিক মেয়াদ (আবেদনপত্র জমা দেয়ার তারিখ পর্যন্ত):
- ১০। ইত:পূর্বে যে সকল মন্ত্রণালয়ে কাজ করেছেন তার মেয়াদ (তারিখ উল্লেখপূর্বক) বিবরণঃ
- ১১। বিগত ৫ বৎসর যে যে পদে কর্মরত ছিলেন তার নাম ও কর্মস্থলের পূর্ণ ঠিকানাঃ
- ১২। শিক্ষাগত যোগ্যতা (এসএসসি/ম্যাট্রিক হতে স্নাতকোত্তর পর্যন্ত প্রতিটি পরীক্ষায় অর্জিত শ্রেণী/বিভাগ উল্লেখ করতে হবে):
- ১৩। প্রশিক্ষণ সংক্রান্ত বিবরণঃ

| প্রশিক্ষণ     | প্রশিক্ষণের স্থান ইনস্টিটিউশনের নামসহ | প্রশিক্ষণের মেয়াদ | প্রশিক্ষণের বিষয় |
|---------------|---------------------------------------|--------------------|-------------------|
| (ক) স্থানীয়ঃ |                                       |                    |                   |
| (খ) বিদেশীঃ   |                                       |                    |                   |

- ১৪। বাংলা ও ইংরেজী ব্যতীত অন্যান্য ভাষায় দক্ষতা (সার্টিফিকেট/ডিপ্লোমা ও মেয়াদ উল্লেখ করতে হবে):
- ১৫। বিদেশে পূর্বতন পোষ্টিং (যদি থাকে):
- ১৬। বিবাহিত/অবিবাহিত:
- ১৭। সন্তান সংখ্যা:  
(প্রত্যেক সন্তানের নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে):
- ১৮। প্রার্থিত পদের নাম ও বাণিজ্যিক উইং এর নাম:
- ১৯। অন্যান্য বিষয় (যদি থাকে) (অতিরিক্ত তথ্য যদি থাকে স্বতন্ত্র কাগজে সংযোজনপূর্বক স্বাক্ষর করতে হবে)।

আবেদনকারীর স্বাক্ষর

ফোন নম্বরঃ

(অফিস)

(বাসা)

মোবাইল নম্বরঃ

ই-মেইলঃ